

তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা

প্রাক-নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

শ্রেণি : পঞ্চম

বিষয় : গণিত

সময় : ২:৩০ ঘণ্টা

পূর্ণমান : ১০০

১। যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

ক) একটি গাভি থেকে প্রতিদিন যেই পরিমাণ দুধ পাওয়া যায় তা নিচের ছকে দেখানো হল-

বার	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ:	শুক্র
দুধ (লিটার)	১৩	১৬	১৫	১৩	১৭	১৪	১৭

গাভিটি প্রতিদিন গড়ে কী পরিমাণ দুধ দেয় ?

খ) ৮টি ডিমের ওজন ৫৪ গ্রাম, ৫৬ গ্রাম, ৫৫ গ্রাম, ৫৮ গ্রাম, ৫৭ গ্রাম, ৫০ গ্রাম, ৫৩ গ্রাম ও ৫১ গ্রাম। ডিমগুলোর গড় ওজন নির্ণয় কর।

গ) সংখ্যাগুলোর গড় নির্ণয় কর: ৯৫৭, ৯৫৬, ৯৪৮, ৯৫২, ৯৬০

২। যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

ক) রবিবার কোনো মাদ্রাসায় ৮০ শিক্ষার্থীর ৩০% অনুপস্থিত। ঐ মাদ্রাসায় উপস্থিত শিক্ষার্থীর সংখ্যা কত?

খ) একটি দোকানে ১৮০০ টাকার পণ্য ২০% কমে বিক্রয় করা হল। পণ্যটির বিক্রয়মূল্য কত?

গ) ব্যাংক থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ৮ বছর পর ৯৮,০০০ টাকা পরিশোধ করা হল। আসলের উপর ব্যাংকের মুনাফার হার কত?

৩। যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

ক) রাজুর উচ্চতা ১.৩৫ মিটার এবং তার ভাইয়ের উচ্চতা ৯.৬ সে. মিটার। তাদের দুইজনের মধ্যে উচ্চতার পার্থক্য কত সে.মিটার?

খ) একটি বইয়ের ওজন ১২৪ গ্রাম, ৮০টি বইয়ের ওজন কত?

গ) একটি ধান ক্ষেতের প্রস্থ ৭৫০ মিটার এবং দৈর্ঘ্য ১২০০ মিটার। ধান ক্ষেতের ক্ষেত্রফল কত একর?

৪। ১টি প্রশ্নের উত্তর দাও:

১০

ক) ১০০০ ঘণ্টাকে মাস, দিন এবং ঘণ্টায় প্রকাশ কর।

খ) একটি ট্রেন কোন শহর ১১.৫০ টায় ত্যাগ করে ১৫.২৫ টায় গন্তব্যে পৌঁছায়। ট্রেনটি কত ঘণ্টা এবং কত মিনিট ভ্রমণ করল?

৫। ১টি প্রশ্নের উত্তর দাও:

১০

ক) নিচের সংখ্যাগুলোকে ৫ ব্যবধান রেখে সারণি তৈরী কর।

২৫	২৪	১৫	২০	২৩	২৯	২৬	১৭	২২
২৬	১৪	১৮	২৪	২৬	৮	২৭	২৫	৯

খ) ক গ্রামের আয়তন ৫০ বর্গ কি. মি:। লোক সংখ্যা ৫৫০ জন এবং খ গ্রামের আয়তন ২০ বর্গ কি. মিটার। লোকসংখ্যা ৩২০ জন। কোন গ্রামে জনসংখ্যার ঘনত্ব বেশি?

৬। ১টি প্রশ্নের উত্তর দাও:

১০

ক) $১.১ \times ১.১ \times ১.১ \times ১.১ \times ১.১ \times ১.১ \times ১.১ =$ কত ?

খ) $(২.৩৫ \times ৪.৯ - ০.১৫ \times ৬.৩ + ২৭.৮৩) \div ১৫ =$ কত ?

৭। ক) একটি বৃত্তের কেন্দ্র, জ্যা, ব্যাস, ব্যাসার্ধ, বৃত্তচাপ চিহ্নিত করে বৃত্ত অংকন কর।

৪

খ) চিত্রসহ সংজ্ঞা লিখ (২টি): আয়ত, রম্বস, সামন্তরিক, ট্রাপিজিয়াম।

৬